# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৫১০১৩৮৩১/ভোলা-৬২/ ২৫৭

তারিখ: ০৭ কার্তিক ১৪৩২ / ২৩ অক্টোবর ২০২৫

বিষয় : অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে ভোলা জেলার চরফ্যাশন উপজেলাধীন জাহানপুর কারামাতিয়া দাখিল মাদ্রাসার সুপার অনুমোদিত ম্যানেজিং কমিটিতে ছল চতুরির মাধ্যমে প্রতিষ্ঠান বন্ধ থাকাকালিন সময়ে সভাপতি নির্বাচন করা হয়েছে মর্মে মোঃ এনায়েত উল্লাহ অভিযোগ দাখিল করেছেন। দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, সভাপতি মনোনয়নের ক্ষেত্রে ম্যানেজিং কমিটির অন্যান্য সদস্যদের না জানিয়ে সভাপতি নির্বাচন করা হয়েছে। পরবর্তীতে উক্ত বিষয়ে উপজেলা শিক্ষা অফিসার-কে অবহিত করলে তিনি উক্ত এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গদের নিয়ে সভাপতি নির্বাচনের জন্য ভোট গ্রহণের নির্দেশ দেন। সেমতে নির্বাচিত ০৭(সাত) জন ম্যানেজিং কমিটির সদস্যের উপস্থিতিতে তাহাদের মধ্য হইতে ০৫ ভোটে অভিযোগকারী মোঃ এনায়েত উল্লাহ বিজয় হন। সে প্রেক্ষিতে নির্বাচনী দায়িত্ব পালনকারী প্রিজাইডিং অফিসার মোঃ এনায়েত উল্লাহ-কে জাহানপুর কারামাতিয়া দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি হিসেবে মনোনয়ন করেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে নির্বাচনে দায়িত্বপ্রাপ্ত প্রিজাইডিং অফিসার ব্যতিরেকে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০২ (দুই) পাতা।

২৩.১০.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
চরফ্যাশন, ভোলা।

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৫১০১৩৮৩১/ভোলা-৬২/

তারিখ: ০৭ কার্তিক ১৪৩২ / ২৩ অক্টোবর ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, ভোলা;
২. জেলা শিক্ষা অফিসার, ভোলা;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চরফ্যাশন, ভোলা;
৪. সভাপতি, জাহানপুর কারামাতিয়া দাখিল মাদ্রাসা, ডাকঘর-শশীভূষণ, থানা- চরফ্যাশন, ভোলা;
৫. সুপার/ভারপ্রাপ্ত সুপার, জাহানপুর কারামাতিয়া দাখিল মাদ্রাসা, ডাকঘর-শশীভূষণ, থানা- চরফ্যাশন, ভোলা;
৬. জনাব মোঃ এনায়েত উল্লাহ, (অভিযোগকারী), সাং-জাহানপুর, ওয়ার্ড নং-০৬, চর শশীভুষন, চর ফ্যশন, ভোলা;
৭. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।

২৩/১০/২৫

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

তারিখঃ ১০/২০/২০২৫ইং

বরাবর,

রেজিষ্ট্রার

বাংলাদেশ মাদ্রসা শিক্ষা বোর্ড, ঢাকা

বক্শি বাজার, ঢাকা।

বিষয়: **জাহানপুর কারামাতিয়া দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির অজান্তে সভাপতি মনোনয়ন প্রসঙ্গে।**

জনাব,

যথাযথ সম্মানপূর্বক বিনীত নিবেদন এই যে, জাহানপুর কারামাতিয়া দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির একটি ০২/১০/২০২৫ইং তারিখে মাদ্রাসা বন্ধ থাকাকালিন ভূয়া নির্বাচন দেখিয়ে মোঃ মাকছুদুর রহমান কে সভাপতি নিয়োগ করা হয় এবং ছল চতুরী করে বোর্ড থেকে ০৫/১০/২০২৫ইং তারিখে কমিটি অনুমোদন নিয়ে যায়। যা ম্যানেজিং কমিটির অধিকাংশ সদস্যই জানেনা বলে অভিযোগ করেন। পরবর্তীতে এই বিষয় উপজেলা শিক্ষা অফিসার কে অবহিত করলে তিনি এলাকার গন্য মান্য ব্যাক্তিবর্গদের নিয়ে দুইবার বৈঠক করে নতুন করে আবার ভোট গ্রহন করার নির্দেশ দেন এবং এই বিষয় তিনি সিদ্ধান্ত নিয়ে ৭ জন ম্যানেজিং কমিটির উপস্থিত ভোট গ্রহন করেন। এতে মোঃ মাকসুদুর রহমান প্রাপ্ত ভোট-০২টি, মোঃ এনায়েত উল্যাহ প্রাপ্ত ভোট-০৫টি, ৫টি ভোট পেয়ে মোঃ এনায়েত উল্যাহ বিজয়ী হন। বিজয় হওয়ার প্রেক্ষিতে উপজেলা শিক্ষা অফিসার বোর্ড বরাবর একটি আবেদন করে নতুন সভাপতি নিয়োগ করার জন্য সুপারিশ করেন।

অতএব, বিনীত নিবেদন এই যে, আবেদনের সার্বিক বিষয়বস্তু পর্যালোচনা করিয়া সভাপতি পদ থেকে মোঃ মাকছুদুর রহমান কে অপসারন করে আমি মোঃ এনায়েত উল্যাহ কে নতুন সভাপতি নিয়োগ করার জন্য বিনীত অনুরোধ রহিল।

বিনীত নিবেদক

মোঃ এনায়েত উল্যাহ

01713634636

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা কার্যালয়
চরফ্যাসন, ভোলা।
seo.charfasson.bhola.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০৯২৫.০০০.২০.০১৫.২৫-২৩০ ; তারিখঃ ০৭.১০.২০২৫ খ্রিঃ।

বিষয়ঃ চরফ্যাসন উপজেলার জাহানপুর কারামাতিয়া দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি ২০২৫ খ্রিঃ এর সভাপতি নির্বাচন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ভোলা জেলার চরফ্যাসন উপজেলাধীন জাহানপুর কারামাতিয়া দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচন কার্যক্রম বিগত ০২/১০/২০২৫ খ্রিঃ তারিখে প্রস্তাব ও সমর্থনের মাধ্যমে সম্পন্ন করা হয় (সংযুক্তি-০১ ও ০২)।

বিগত ০৫/১০/২০২৫ খ্রিঃ তারিখে ০৫ জন নির্বাচিত সদস্য মাদ্রাসার উন্নয়নকল্পে স্থানীয় সমাজসেবক জনাব মোঃ এনায়েত উল্যাহ কে সভাপতি মনোনয়নের জন্য লিখিত আবেদন করেন (সংযুক্তি-০৩)।

নির্বাচিত বিভিন্ন ক্যাটাগরির সদস্য, শিক্ষক-অভিভাবক, স্থানীয় গণ্যমান্য ও রাজনৈতিক ব্যক্তিবর্গের সমন্বয়ে কয়েকটি মিটিং এর সিদ্ধান্তের আলোকে এবং বিভিন্ন সংঘাত, মামলা- মোকদ্দমা থেকে মাদ্রাসার শিক্ষার পরিবেশকে রক্ষার জন্য সকলের উপস্থিতিতে এবং শতভাগ প্রতিনিধির (০৭ জন) সরাসরি ব্যালটের মাধ্যমে উক্ত সভাপতি নির্বাচনের কাজ পুনরায় সম্পন্ন করা হয় (সংযুক্তি-০৪)।

উক্ত নির্বাচনে জনাব মোঃ এনায়েত উল্যাহ, পিতা-মৃত অজি উল্লাহ, মাতা-মাজেদা খাতুন, এনআইডি নং-৬৪২০৬৪৯১৭৭, ফাজিল ২য় বিভাগ ২০০৭ সাল, ০৫/০২ ভোটে নির্বাচিত হন (কপি সংযুক্ত-০৫-০৯)।

এমতাবস্থায় অত্র উপজেলার জাহানপুর কারামাতিয়া দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি মনোনয়নসহ নিয়মিত কমিটি অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সবিনয়ে অনুরোধ জানানো হলো।

রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
বকশি বাজার, ঢাকা।

০৭.১০.২৫

(মীর এ কে এম আবুল খায়ের)
প্রিজাইডিং অফিসার
জাহানপুর কারামাতিয়া দাখিল মাদ্রাসা
ম্যানেজিং কমিটি নির্বাচন ২০২৫
ও
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
চরফ্যাসন, ভোলা।
ফোন- ০১৭১২-০২২৭১৯

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

১। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
২। উপজেলা নির্বাহী অফিসার, চরফ্যাসন, ভোলা।
৩। জেলা শিক্ষা অফিসার, ভোলা।
৪। সুপারিনটেনডেন্ট, জাহানপুর কারামাতিয়া দাখিল মাদ্রাসা, চরফ্যাসন, ভোলা।
৫। সংরক্ষণ নথি।